ARWAHYN

ফ্রি সেটআপ গাইড · Claude Skill · বাংলায়

Claude দিয়ে বানানো কনটেন্টের সাজেশন

কম্পিটিটর খুঁজে বের করা থেকে শুরু করে তাদের কোন ভিডিও চলছে আর কোনটা চলছে না দেখা, তারপর আপনার লক্ষ্য অনুযায়ী পুরো এক মাসের কনটেন্ট প্ল্যান, সবটা এক ঘণ্টার মধ্যে।

০১ আপনার ছোট ইন্টারভিউ

০২ কম্পিটিটর খোঁজা

০৩ সেরা ভিডিও বাছাই

০৪ কী চলছে, কী চলছে না

০৫ ৩০ দিনের প্ল্যান



শোয়েব রেজা

Founder, Arwahyn AI · arwahynai.com

এই গাইডে কী আছে

বোর্ড পরীক্ষার সাজেশন, এবার কনটেন্টের জন্য

পরীক্ষার আগে পুরো বই মুখস্থ না করে আমরা সাজেশন খুঁজতাম, কোন প্রশ্নগুলো আসার সম্ভাবনা বেশি। কনটেন্টেও একই কাজ চলে: আপনার মার্কেটে যে টপিক আর ফরম্যাট আসলেই কাজ করছে, সেগুলো আগে বানাবেন, অনুমানে নয়।

এই গাইডে একটা Claude Skill ইনস্টল করা শিখবেন। Skill মানে Claude-এর জন্য লেখা একটা কাজের নিয়ম; একবার ইনস্টল করলে যখনই বলবেন "কনটেন্ট সাজেশন চাই", Claude নিচের পাঁচটা ধাপ নিজে নিজে চালাবে।

১

আপনার ছোট ইন্টারভিউ

কী বিক্রি করেন, কারা কেনে, কোন প্ল্যাটফর্ম, সপ্তাহে কয়টা পোস্ট পারবেন, আর এই মাসের লক্ষ্য কী: ফলোয়ার, ভিউ নাকি সেল। কম্পিটিটরের লিংক জানা থাকলে দিয়ে দিন, না জানলে Claude খুঁজে নেবে।

২

আসল কম্পিটিটর খোঁজা

আপনার একই কাস্টমারের কাছে যারা বিক্রি করে, এমন ৫ থেকে ৮টা পেজ। সাথে বড় এক-দুটো ব্র্যান্ড, যাদের ফরম্যাট থেকে শেখা যায়। Meta Ad Library থেকে কারা এখন অ্যাড চালাচ্ছে, সেটাও দেখে।

৩

শত খানেক পোস্ট দেখে সেরাগুলো বাছাই

গত ৩০–৬০ দিনের পোস্ট, ভিউ, কমেন্ট আর শেয়ার। প্রতিটা পোস্টকে সেই পেজের নিজের গড়ের সাথে তুলনা করে, যাতে বড় পেজ শুধু বড় বলেই জিতে না যায়। গিভঅ্যাওয়ে, বুস্ট করা আর ঈদের একদিনের পোস্ট বাদ।

৪

কী চলছে আর কী চলছে না

কোন ফরম্যাট, কোন টপিক, কোন ধরনের প্রথম লাইন (Hook) বারবার জিতছে। কমেন্ট পড়ে বের করে কাস্টমার কী জানতে চায়, যেটা এখনও কেউ ভালো করে বলছে না।

৫

আপনার লক্ষ্য অনুযায়ী পুরো প্ল্যান

প্রমাণিত টপিক, কোন পুরোনো ফরম্যাট রাখবেন আর কোন নতুন ফরম্যাট শুরু করবেন, ১০টা রেডি Hook, ৩০ দিনের ক্যালেন্ডার, ব্র্যান্ডিং নিয়ম আর প্রতি সপ্তাহে কী মাপবেন।

শুরুর আগে

যা যা লাগবে

কোনো কোডিং লাগবে না। ব্রাউজারে Claude খুলতে পারলেই হবে।

প্রয়োজনীয়

- ✓ **Claude অ্যাকাউন্ট** (claude.ai)। Pro বা তার উপরের প্ল্যান হলে ভালো, কারণ Skills আর ওয়েব সার্চ সেখানে পুরোপুরি পাওয়া যায়।
- ✓ **কম্পিউটার বা ল্যাপটপ**, অন্তত প্রথমবার ইনস্টলের জন্য। পরে ফোনের Claude অ্যাপ থেকেও চালাতে পারবেন।
- ✓ **এক ঘণ্টা সময়**। ইনস্টল ৫ মিনিট, বাকিটা Claude-এর বিশ্লেষণ।
- ✓ **এই গাইডের Skill ফাইল** (পরের পাতায় লিংক)।

থাকলে ফল আরও ভালো হবে

- ✓ আপনার পেজ বা প্রোফাইলের লিংক।
- ✓ ৩–৫টা কম্পিটিটর পেজের লিংক, যাদের আপনি চেনেন।
- ✓ কম্পিটিটরদের সবচেয়ে বেশি ভিউ পাওয়া ৫টা ভিডিওর লিংক বা স্ক্রিনশট (কেন লাগতে পারে, তা পাতা ৯-এ)।
- ✓ গত মাসে আপনার নিজের কোন পোস্ট ভালো চলেছে, সেটা।

সৎ একটা কথা: Instagram আর TikTok লগইন ছাড়া অনেক সময় ভিউ সংখ্যা দেখায় না। Claude তখন আপনাকে জানাবে আর লিংক বা স্ক্রিনশট চাইবে। Skill-টা এমনভাবে লেখা যে যে সংখ্যা দেখা যায়নি, সেটা কখনো আন্দাজে বসাবে না।

দুটো উপায়, যেটা সুবিধা

উপায়	কার জন্য	পাতা
Claude.ai (ওয়েবসাইট / অ্যাপ)	বেশিরভাগ বিজনেস মালিক। ব্রাউজারেই সব।	৪ ও ৫
Claude Code	যারা কম্পিউটারে টার্মিনাল ব্যবহারে অভ্যস্ত, বা পুরো টিমের জন্য সেটআপ করতে চান।	৬

ধাপ ১ ও ২

১ Skill ফাইলটা ডাউনলোড করুন

নিচের লিংক থেকে `arwahyn-content-suggestion-skill.zip` ফাইলটা নামিয়ে নিন।

arwahynai.com/downloads/arwahyn-content-suggestion-skill.zip

zip ফাইলটা খুলবেন না (unzip করবেন না)। Claude.ai-তে zip ফাইলটাই সরাসরি আপলোড করতে হয়। ভেতরে একটা ফোল্ডার আছে, তার মধ্যে `SKILL.md` আর কয়েকটা সহায়ক ফাইল।

২ Claude-এ দুটো সুইচ চালু করুন

Skill চালাতে Claude-এর দুটো সুবিধা চালু থাকা লাগে: ফাইল তৈরি আর ওয়েব সার্চ।

1. কম্পিউটারের ব্রাউজারে **claude.ai** খুলে লগইন করুন।
2. নিচে বাঁ দিকে আপনার নামের ওপর ক্লিক করে **Settings** খুলুন।
3. **Capabilities** ট্যাবে যান।
4. **Code execution and file creation** সুইচটা চালু করুন। এটা চালু না থাকলে Skills অংশটা দেখাবে না।
5. চ্যাট বক্সের নিচের টুলস মেনু থেকে **Web search** চালু রাখুন, যাতে Claude কম্পিটিটরদের পেজ খুঁজে দেখতে পারে।

Claude মাঝে মাঝে মেনুর নাম বা জায়গা একটু বদলায়। কোনো বাটন খুঁজে না পেলে Settings-এ "Skills" বা "Capabilities" লিখে খুঁজুন।

ধাপ ৩ · Claude.ai

৩ Skill-টা আপলোড করুন

1. আগের মতোই `Settings` → `Capabilities` খুলুন।
2. নিচে স্ক্রল করে `Skills` অংশে যান।
3. `Upload skill` (বা `+ Add`) বাটনে ক্লিক করুন।
4. ডাউনলোড করা `arwahyn-content-suggestion-skill.zip` ফাইলটা বেছে নিন।
5. লিস্টে **content-suggestion** নামটা আসবে। পাশের সুইচটা চালু আছে কি না দেখে নিন।

ঠিকমতো ইনস্টল হয়েছে কি না, কীভাবে বুঝবেন

নতুন একটা চ্যাট খুলে লিখুন: **"তোমার কাছে content-suggestion skill আছে?"** Claude যদি স্কিলটার কাজ ব্যাখ্যা করে, ইনস্টল ঠিক আছে।

> **ফ্রি প্ল্যানে Skills অংশটা না দেখালে:** Skills আর ফাইল তৈরি এখন মূলত পেইড প্ল্যানে পাওয়া যায়। Pro প্ল্যান নিলে সাথে সাথেই চলবে। অথবা পরের পাতার Claude Code উপায়টা দেখুন।

টিমে কাজ করলে

Claude Team বা Enterprise প্ল্যানে অ্যাডমিন একবার Skill-টা যোগ করলে পুরো টিম ব্যবহার করতে পারবে। আলাদা আলাদা আপলোড করতে হবে না।

বিকল্প · Claude Code

Claude Code-এ ইনস্টল

Claude Code আপনার কম্পিউটারের টার্মিনালে চলে। যারা এটা আগে থেকে ব্যবহার করেন, তাদের জন্য সবচেয়ে দ্রুত উপায়। Skill-টা একবার রাখলে আপনার সব প্রজেক্টে কাজ করবে।

Mac বা Linux

```
# ডাউনলোড ফোল্ডারে গিয়ে চালান
mkdir -p ~/.claude/skills
unzip arwahyn-content-suggestion-skill.zip -d ~/.claude/skills/
```

Windows (PowerShell)

```
# ডাউনলোড ফোল্ডারে গিয়ে চালান
Expand-Archive arwahyn-content-suggestion-skill.zip `
  -DestinationPath "$HOME\.claude\skills"
```

এরপর ফোল্ডারটা এখানে থাকবে: `~/.claude/skills/content-suggestion/SKILL.md`

চালানো

```
claude
# Claude খুললে লিখুন:
আমার বিজনেসের জন্য কনটেন্ট সাজেশন চাই
```

> Claude Code নিজে থেকেই ওয়েব সার্চ করতে পারে। প্রথমবার কোনো ওয়েবসাইট খোলার অনুমতি চাইলে **Yes** দিন।

ধাপ ৪

৪ চালিয়ে দিন

নতুন একটা চ্যাট খুলে নিচের লেখাটা কপি করে পাঠান। ব্র্যাকেটের জায়গায় আপনার তথ্য বসান, না জানলে ফাঁকা রাখুন।

```
আমার বিজনেসের জন্য কনটেন্ট সাজেশন চাই।
বিজনেস: [যেমন: ঢাকায় অনলাইন শাড়ির দোকান]
আমার পেজ: [লিংক]
কম্পিটিটর: [লিংক, না জানলে লিখুন "তুমি খুঁজে নাও"]
এই মাসের লক্ষ্য: [ফলোয়ার / ভিউ / সেল]
```

এরপর Claude যা জিজ্ঞেস করবে

যে তথ্য আগে দেননি, সেগুলো একসাথে নম্বর দিয়ে জিজ্ঞেস করবে, যাতে এক মেসেজেই উত্তর দিতে পারেন:

#	প্রশ্ন
১	কী বিক্রি করেন, দামের রেঞ্জ কত
২	কোন শহর বা দেশে বিক্রি করেন
৩	কারা কেনে: বয়স, পেশা, কেন কেনে
৪	মূল প্ল্যাটফর্ম কোনটা: Facebook, Instagram, TikTok, YouTube
৫	**৩০ দিনের মূল লক্ষ্য: ফলোয়ার, ভিউ, নাকি সেল / লিড**
৬	সপ্তাহে কয়টা পোস্ট পারবেন, কে বানাবে
৭	যাদের কম্পিটিটর মনে করেন
৮	যা করবেন না (ক্যামেরায় মুখ না, নাচ না, ডিসকাউন্ট না...)

> **লক্ষ্য একটাই বেছে নিন।** ফলোয়ার, ভিউ আর সেল তিনটার জন্য আলাদা ধরনের কনটেন্ট লাগে। একটা মূল লক্ষ্য দিলে প্ল্যান অনেক বেশি কাজের হয়।

ফলাফল

শেষে হাতে যা পাবেন

একটা পুরো ডকুমেন্ট, যেটা ডাউনলোড করে টিমকে দিতে পারবেন। আপনার লক্ষ্য অনুযায়ী প্ল্যানটা বদলে যায়:

লক্ষ্য	প্ল্যানে বেশি থাকবে	যা মাপবেন
ফলোয়ার	সিরিজ ভিডিও ("পর্ব ১, ২, ৩"), শেয়ার করার মতো রিলেটেবল কনটেন্ট, কোলাবরেশন, ফলো করার একটা কারণ	প্রতি পোস্টে নতুন ফলো, প্রোফাইল ভিজিট
ভিউ	প্রথম ১–২ সেকেন্ডে শক্ত Hook, ছোট ভিডিও (৭–২৫ সেকেন্ড), আপনার মার্কেটের সাথে মেলে এমন ট্রেন্ড	৩ সেকেন্ডের ভিউ, গড় দেখার সময়, শেয়ার
সেল / লিড	রিভিউ আর রেজাল্টের প্রমাণ, দাম পরিষ্কার, কাস্টমারের আপত্তির উত্তর, একটাই CTA	WhatsApp/ইনবক্স মেসেজ, লিংক ক্লিক, অর্ডার

ডকুমেন্টে থাকবে

- ✓ যাদের দেখা হলো, সেই কম্পিটিটরদের তালিকা
- ✓ যা চলছে ✅ আর যা চলছে না ❌, কারণসহ
- ✓ শেখার মতো সেরা ভিডিও, লিংক আর সংখ্যাসহ
- ✓ আপনার "সাজেশন": প্রমাণিত টপিক + নতুন পরীক্ষার টপিক
- ✓ কোন ফরম্যাট রাখবেন, কোনটা ঠিক করবেন, কোনটা নতুন শুরু করবেন
- ✓ আপনার বিজনেসের জন্য লেখা ১০টা Hook
- ✓ ৩০ দিনের ক্যালেন্ডার: তারিখ, ফরম্যাট, টপিক, Hook, CTA
- ✓ ব্র্যান্ডিং নিয়ম আর প্রতি সপ্তাহের KPI

একটা উদাহরণ (অংশবিশেষ)

অনলাইন শাড়ির দোকান · লক্ষ্য: সেল

- ✓ শাড়ি ধোয়ার পর রং কেমন থাকে, তার ভিডিও: ৪টা পেজে গড়ের ৩ গুণ সাড়া
- ✓ ডেলিভারির আগে প্যাকিং দেখানো: কমেন্টে বিশ্বাস বাড়ছে
- ✗ শুধু ছবি আর "স্টক আছে" লেখা পোস্ট: সব পেজে গড়ের অর্ধেক

উদাহরণটা বোঝানোর জন্য; আপনার ফলাফল আপনার মার্কেটের আসল ডেটা থেকে আসবে।

ভালো ফলের জন্য

৬টা টিপস

- ✓ **কম্পিটিটরের লিংক নিজে দিন।** আপনি আপনার মার্কেট সবচেয়ে ভালো চেনেন; Claude বাকিটা যোগ করবে।
- ✓ **ভিউ না দেখালে স্ক্রিনশট দিন।** কম্পিটিটরের Reels ট্যাব খুলে সবচেয়ে বেশি ভিউয়ের ৫টা ভিডিওর লিংক বা স্ক্রিনশট পাঠালে বিশ্লেষণ অনেক নিখুঁত হয়।
- ✓ **নিজের সেরা ৩টা পোস্টের কথা বলুন।** কী আগে থেকেই কাজ করছে, সেটা জানলে Claude সেটা রেখে দেবে।
- ✓ **যা পারবেন না, আগেই বলুন।** ক্যামেরায় আসতে না চাইলে প্ল্যানে মুখ ছাড়া ফরম্যাট আসবে।
- ✓ **প্রথম ৫টা ভিডিওর স্ক্রিপ্টও চেয়ে নিন।** প্ল্যান শেষে Claude নিজেই জিজ্ঞেস করবে।
- ✓ **প্রতি মাসে আবার চালান।** মার্কেট বদলায়; গত মাসের রেজাল্ট দিয়ে নতুন সাজেশন নিন।

সমস্যা হলে

সমস্যা	সমাধান
Settings-এ Skills অংশ নেই	`Code execution and file creation` চালু করুন। তারপরও না এলে আপনার প্ল্যানে Skills নেই; Pro নিন বা Claude Code ব্যবহার করুন।
আপলোডে এরর দেখাচ্ছে	zip ফাইলটা আনজিপ করে আবার zip করবেন না। আমাদের লিংক থেকে নামানো ফাইলটাই সরাসরি দিন।
Claude কম্পিটিটর খুঁজে পাচ্ছে না	Web search চালু আছে কি না দেখুন, অথবা ৩–৫টা লিংক নিজে দিয়ে দিন।
উত্তর ইংরেজিতে আসছে	বাংলায় লিখে প্রশ্ন করুন, অথবা লিখুন "পুরোটা বাংলায় দাও"।
বিশ্লেষণ মাঝপথে থেমে গেছে	লিখুন "চালিয়ে যাও"। অনেক পোস্ট দেখলে Claude ধাপে ধাপে কাজ করে।

ARWAHYN

নিজে না করে আমাদের দিয়ে করিয়ে নিন

প্ল্যান হাতে আছে। এবার সেটা প্রতিদিন চালানোর পালা।

সাজেশন পাওয়া প্রথম ধাপ। সেটা থেকে প্রতি সপ্তাহে ভিডিও বানানো, পোস্ট করা, অ্যাড চালানো আর মেসেজের উত্তর দেওয়া, এই পুরো কাজটা Arwahyn AI আপনার বিজনেসের জন্য করে দেয়।

মাসিক কনটেন্ট সিস্টেম

মাসের শুরুতে একবার কথা, তারপর পুরো মাসের পোস্ট, রিলস আর AI ভিডিও, আপনার ব্র্যান্ডের রঙে আর ভাষায়।

মার্কেটিং ও Ads

এই সাজেশন থেকে অ্যাড, সঠিক টার্গেটিং আর প্রতি সপ্তাহের রিপোর্ট।

কমেন্ট ও মেসেজ অটোমেশন

কেউ কমেন্টে কিওয়ার্ড লিখলে সাথে সাথে ইনবক্সে উত্তর; WhatsApp আর Messenger-এ AI অ্যাসিস্ট্যান্ট।

ওয়েবসাইট + CRM

যে ওয়েবসাইট প্রতিটা ভিজিটরের নাম আর নম্বর রাখে আর নিজে থেকে ফলো-আপ করে।

৩০ মিনিটের ফ্রি কনসাল্টেশন কল

আপনার সাজেশন রিপোর্ট সাথে নিয়ে আসুন। কোন অংশ নিজে করবেন আর কোনটা আমাদের দিলে সময় বাঁচবে, কলেই বলে দেব। কোনো চাপ নেই।

arwahynai.com/bn/book

কল বুক করুন

WhatsApp

WhatsApp: +880 1862-312535 hello@arwahynai.com 22/15-A, Borobag, Mirpur 2, Dhaka